

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৯৩

বিশ্বামগঞ্জ, ২ নভেম্বর, ২০২৪

৯ নভেম্বর সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব

আগামী ৯ নভেম্বর সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব এবং বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ বিশ্বামগঞ্জস্থিত জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ৯ নভেম্বর সকাল ১১ টায় বিশ্বামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলার উদ্বোধন হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে জেলাভিত্তিক বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে বিশ্বামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। যুব উৎসবে জেলার ৭টি ইউনিয়ন পুর পরিষদ ও ১টি নগর পঞ্চায়েত এলাকার প্রতিযোগীরা অংশ নেবে। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপঅধিকর্তা সমীর দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
